দৈনিক ইত্তেফাক

তারিখ ..0 5 MAY 1994
পৃষ্ঠা ২ কলাম ৩

117

## পুত্রের বদলে অন্যকে পরীক্ষার হলে বসাইতে গিয়া প্রধান শিক্ষক গ্রেফতার

বগুড়া অফিস ॥ পুত্রের বদলে অপর একজনকে এসএসসি পরীক্ষার হলে, বসাইতে গিয়া গাবতলীতে একজন প্রধান শিক্ষক এবং উক্ত 'পরীক্ষার্থীকে' পুলিশ গ্রেফতার করিয়াছে। গাবতলীর জাইগুলী হাই স্কুলের প্রধান শিক্ষক তবিবর রহমানের পুত্র এ বছরের এসএস সি পরীক্ষার্থী। গাবতলী সরকারী কলেজের ২য় বর্ষের ছাত্র আবদুল খালেক তাহার বদলে পরীক্ষায় অংশগ্রহণ করিতেছিল। পরীক্ষার দ্বিতীয় দিনে ঘটনা প্রকাশ হইয়া পড়িলে হল কর্তৃপক্ষ কলেজ ছাত্রকে জিজ্ঞাসাবাদ করিলে সে সকল কথা প্রকাশ করিয়া দেয়।